

## 💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০৭

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যোহর ও আসরের কিরাআত।

باب مَا جَاءَ فِي الْقِرَاءَةِ فِي الظُّهْرِ وَالْعَصْرِ

## আরবী

حَدَّتَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّتَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، أَخْبَرَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، عَنْ سِمَاكِ بْنِ حَرْبِ، عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم كَانَ يَقْرَأُ فِي الظُهْرِ وَرُبْ عَنْ جَبَّابٍ وَالْسَّمَاءِ ذَاتِ الْبُرُوجِ وَالسَّمَاءِ وَالطَّارِقِ وَشِبْهِهِمَا . قَالَ وَفِي الْبَابِ عَنْ خَبَّابٍ وَالْعَصْرِ بِالسَّمَاءِ ذَاتِ الْبُرُوجِ وَالسَّمَاءِ وَالطَّارِقِ وَشِبْهِهِمَا . قَالَ أَبُو عِيسَى حَديثُ جَابِرٍ وَأَبِي سَعِيدٍ وَأَبِي قَتَادَةَ وَزَيْد بْنِ ثَابِتٍ وَالْبَرَاءِ بْنِ عَازِبٍ . قَالَ أَبُو عِيسَى حَديثُ جَابِرِ بْنِ سَمُرَةَ حَديثٌ حَسَنٌ . وَقَدْ رُويَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ قَرَأً فِي الظُّهْرِ قَدْرَ ثَلْاثِينَ قَدْرَ تَنْزِيلُ السَّجْدَةَ . وَرُويَ عَنْ أَلْهُ كَانَ يَقْرَأُ فِي الرَّكْعَةِ الأُولَى مِنَ الظُّهْرِ قَدْرَ ثَلاَثِينَ وَيُو فِي الرَّكْعَةِ الثَّانِيَةِ قَدْرَ خَمْسَ عَشْرَةَ آيَةً . وَرُويَ عَنْ عُمْرَ أَنَّهُ كَتَبَ إِلَى أَبِي مُوسَى أَنْ الْوَرَاءَةِ فِي الطُّهْرِ بَأَوْسَاطِ الْمُفَصَلِّ . وَرُويَ عَنْ عُمْرَ أَنَّهُ كَتَبَ إِلَى أَبِي مُوسَى الْفَوْمِ الْقِرَاءَةِ فِي الطَّهْرِ بَأَوْسَاطِ الْمُفَصَلِ . وَرُويَ عَنْ عُمْ الْهِرَاءَة فِي صَلاَةِ الْمُغْرِبِ يَقْرَأُ بِقِصَارِ الْمُفَصِلُ . وَرُويَ عَنْ إِبْرَاهِيمَ النَّورَاءَة فِي صَلاَةِ الْمَغْرِبِ يَقْرَأُ بِقِصَارِ الْمُفَصَلِ . وَوَقَالَ إِبْرَاهِيمُ تُصَاعَفُ النَّهُ وَلَا الظُهْرِ عَلَى صَلاَةِ الْعُصْرِ فِي الْقِرَاءَةِ أَرْبَعَ مِرَارٍ .

## বাংলা

৩০৭. আহমদ ইবনু মানী' (রহঃ) ..... জাবির ইবনু সামুরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যোহর ও আসরের সালাতে ওয়াস-সামায়ি যাতি'ল বুরুজ, ওয়াস-সামায়ি ওয়াত-তারিক এবং এই ধরনের সূরা তিলাওয়াত করতেন। - সিফাতুস সালাত ৯৪, সহিহ আবু দাউদ ৭৬৭, তিরমিজী হাদিস নম্বরঃ ৩০৭ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে খাব্বাব, আবূ সাঈদ, আবূ কাতাদা, যায়াদ ইবনু সাবিত ও বারা ইবনু আযিব রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ জাবির ইবনু সামূরা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত



হাদীসটি হাসান-সহীহ। আরো বর্ণিত আছে যে, তিনি যোহরের সালাত সূরা 'তানযীল আস-সাজদা' পরিমান তিলাওয়াত করতেন। আরো বর্ণিত আছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যোহরের প্রথম রাকআতে ত্রিশ আয়াত পরিমাণ এবং দ্বিতীয় রাকআতে পনর আয়াত পরিমাণ তিলাওয়াত করতেন।

উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, তিনি যোহরের সালাতে আওসাতে মুফসসাল [১] থেকে তিলাওয়াত করতে আবৃ মূসা আশয়ারী রাদিয়াল্লাহু আনহু-কে লিখেছিলেন। কতক আলিম বলেছেনঃ আসরের কিরআত মাগরিবের কিরাআতের মত, এতেও কিসার মুফাসসাল থেকে তিলাওয়াত করবে। ইবরাহীম নাখঈ (রহঃ) থেকে বর্ণিত আছে যে তিনি বলেছেনঃ কিরাআতের ক্ষেত্রে আসর ও মাগরিব এক বরাবর। ইবরাহীম (রহঃ) বলেনঃ কিরআতের ক্ষেত্রে আসরের তুলনায় যোহরে চারগুণ বেশি পড়া উচিত।

## **English**

Jabir bin Samurah narrated:

"For Zuhr and Asr, Allah's Messenger would recite: By the heavens, holding the Buruj and (By the heavens and At-Tariq) and similar to them."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন